


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ গেজেটের ৬ মে ২০১৫ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২১ বৈশাখ ১৪২২ / ০৪ মে ২০১৫ তারিখের এসআরও নং- ৮৯ আইন/২০১৫ এর দ্বিতীয় অধ্যায়ের আদেশ এবং বাংলাদেশ গেজেটের ১৩ জুলাই ২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২৮ আষাঢ় ১৪২৩ / ১২ জুলাই ২০১৬ তারিখের এসআরও নং-২২৭ আইন/২০১৬ এর প্রদত্ত আদেশ এবং বাংলাদেশ গেজেটের ১৫ নভেম্বর ২০১৬ তারিখের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের ২৯ কার্তিক ১৪২৩ / ১৩ নভেম্বর ২০১৬ তারিখের এসআরও নং-৩৩৬ আইন/২০১৬ এর প্রদত্ত আদেশ বলে বান্দরবান পার্বত্য জেলাধীন আলীকদম উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশ (মহল্লাদার) শূণ্যপদে লোক নিয়োগের জন্য স্ব-স্ব ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

ক্রঃনং	ইউনিয়নের নাম	মহল্লাদারে পদের সংখ্যা	ওয়ার্ড নম্বর	মহল্লাদারে মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা
১.	১নং আলীকদম	০৪	৩, ৪, ৮ ও ৯	সরকার কর্তৃক নির্ধারিত হারে	অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
২.	২নং চৈক্ষাং	০২	১ ও ৩		
৩.	৩নং নয়াপাড়া	০৬	১, ৩, ৫, ৬, ৭ ও ৮		
৪.	৪নং কুরুকপাতা	০৭	১, ২, ৩, ৫, ৬, ৭ ও ৯		

১. মহল্লাদার পদে সংশ্লিষ্ট ইউনিয়ন বা সম্ভব হলে ওয়ার্ড হতে নিয়োগ প্রদান করা হবে।
২. আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স (০৫/১০/২০১৭ তারিখে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে) ও বিশেষ কোটার প্রার্থী হলে তা উল্লেখসহ প্রার্থীকে স্বহস্তে আবেদন করতে হবে।
৩. প্রার্থীর উচ্চতা পুরুষ প্রার্থীর ক্ষেত্রে কমপক্ষে ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ও ওজন সর্বনিম্ন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ও সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
৪. আবেদনপত্রের সাথে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে ৩০০/- (তিন শত) টাকার অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে অর্ডার দাখিল করতে হবে।
৫. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে-  
(ক) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র (খ) জাতীয় পরিচয় পত্র ও জন্ম নিবন্ধনের সত্যায়িত কপি, (গ) পাসপোর্ট সাইজের ৪(চার) কপি সত্যায়িত ছবি (ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদ (ঙ) সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা সনদের সত্যায়িত কপি। সকল সত্যায়িত কাগজপত্র সত্যায়নকারী কর্মকর্তার নামাঙ্কিত সিল থাকতে হবে তা না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
৬. কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
৭. ১০/- (দশ) টাকার ডাকটিকেট লাগানো প্রার্থীর ঠিকানা সম্বলিত ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি খাম আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।
৮. প্রার্থীর বয়স আগামী ০৫/১০/২০১৭ তারিখ ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে বয়স ০২(দুই) বছর পর্যন্ত শিথিল যোগ্য।

৯. প্রার্থীকে আগামী ০৫/১০/২০১৭ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দস্তরে অফিস চলাকালীন সরাসরি অথবা ডাকযোগে আবেদনপত্র জমা দিতে হবে। বিলম্বে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
১০. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/ সকল দরখাস্ত গ্রহণ/বাতিল কার ক্ষমতা রাখেন।


  
 (মোহাম্মদ নায়িরুজ্জামান)  
 উপজেলা নির্বাহী অফিসার  
 আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা।


স্মারক নং- ০৫.৪২.০৩০৪.০০০.০৮.০১২.১৭- ৮-০৩

তারিখ : ০৫ আশ্বিন ১৪২৪  
 ২০ সেপ্টেম্বর ২০১৭

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৮. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।
৯. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা।
১০. অফিসার ইনচার্জ, আলীকদম থানা, বান্দরবান পার্বত্য জেলা।
১১. সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি শাখা, আলীকদম( বিজ্ঞপ্তিটি তথ্য বাতায়নে প্রচারের জন্য)।
১২. চেয়ারম্যান, আলীকদম/চৈক্ষাং/নয়াপাড়া/করকপাতা ইউনিয়ন পরিষদ, আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধ সহ)।
১৩. সভাপতি, প্রেস ক্লাব/রিপোর্টার্স ক্লাব, আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা।

  
 উপজেলা নির্বাহী অফিসার  
 আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা।

  
 ২০/০৭/২০১৭